



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/২০২২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কামিল প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত হাসিমপুর মকবুলিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ গাছবাড়িয়া, উপজেলাঃ চন্দনাইশ, জেলাঃ চট্টগ্রাম-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১.১২.২০২১ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২১ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
২. শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৩. মাদরাসা লাইব্রেরি জার্নাল ও যুগোপযোগী বই দিয়ে সমৃদ্ধ করে নিয়মিত শিক্ষার্থীদের পাঠের ব্যবস্থা করতে হবে।
৪. দ্রুততম সময়ে শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় সংখ্যক টয়লেট ও ছাত্রী কমনরুমের ব্যবস্থা করতে হবে।
৫. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করে নোটিশগুলো নোটিশবোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
৬. ফাইলনোটের মাধ্যমে ব্যাংক লেনদেন করতে হবে।
৭. মাদরাসার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ক্রয়, অভ্যন্তরীণ অডিট, একাডেমিক ও উন্নয়ন কমিটি গঠন করতে হবে।
৮. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৯. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে “বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার” কে সমৃদ্ধ করতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Damd 13.04.2022
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

হাসিমপুর মকবুলিয়া কামিল মাদরাসা
ডাকঘরঃ গাছবাড়িয়া, উপজেলাঃ চন্দনাইশ, জেলাঃ চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/২০২২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, হাসিমপুর মকবুলিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ গাছবাড়িয়া, উপজেলাঃ চন্দনাইশ, জেলাঃ চট্টগ্রাম।
- ৭। অফিস নথি।

Muhammad Luqman
13.04.2022
(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮

অধি/নবায়ন/ফাইল নং- চট্ট -০৭